শেখ হাসিনার উদ্যোগ
ঘরে ঘরে বিদ্যুৎ

ISO 9001:2015

চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২
(এলাকা ভিত্তিক পল্লী বিদ্যুতায়ন কার্যক্রম)
বাবুরহাট, চাঁদপুর

মুজিব শতবর্ষ 100

যোগাযোগ:
০৮৪১-৬৫১১১ (অফিস)
ইমেইল: chandpurpbs2@gmail.com
ওয়েব: pbs2.chandpur.gov.bd

স্মারক নং-২৭.১২.১৩২২.৫৭৮.০৭.০২২.২৩- ৪০৬

তারিখ ঃ ২৬-০৪-২০২৩ খ্রিঃ।

## ''দরপত্র বিজ্ঞপ্তি''

০১। অত্র সমিতির ২০২২-২৩ অর্থ-বৎসরে তালিকাভুক্ত স্থায়ী/সাময়িক পূর্বযোগ্যতা ও নবায়ন প্রাপ্ত মিনি ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট হতে ডিপোজিট ওয়ার্কের আওতায় (ক্ষুদ্র লাইন সম্প্রসারন) নিম্নেবর্নিত প্যাকেজ অনুযায়ী বিতরণ লাইন নির্মান/স্থানান্তর কাজের নিমিত্তে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে সীলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

০২। দরপত্রের বিবরণ ঃ

### লাইন নির্মান/স্থানান্তর কাজের বিড প্যাকেজের বিবরনঃ

| ক্রঃ নং | বিড প্যাকেজ নং | সমিতির নাম | কাজের বিবরণ | প্রাক্কলিত মূল্য (টাকা) | আর্নেষ্টমানির পরিমান (টাকা) | কার্য্য সময় | বিড প্যাকেজের মূল্য ভ্যাটসহ (অফেরত যোগ্য) |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | সিএইচডি-২/২০২৩-১২ | চাঁদপুর পবিস-২ | ১০০-৪২ | ৫,০০,০০০.০০ | ১৫০০০.০০ | ৬০ দিন | ৫৭৫.০০ |
| ০২ | সিএইচডি-২/২০২৩-১৩ | চাঁদপুর পবিস-২ | ১০০-৪২ | ৫,০০,০০০.০০ | ১৫০০০.০০ | ৬০ দিন | ৫৭৫.০০ |

০৩। দরপত্র দলিল অত্র সমিতির ইএন্ডসি বিভাগ হতে আগামী ০৭-০৫-২০২২খ্রিঃ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে নিজস্ব লেটার হেড প্যাডে আবেদনপূর্বক সমিতির অনুকুলে ভ্যাটসহ ৫৭৫/- (পাঁচশত পঁচাত্তর) টাকা সমিতির ক্যাশ শাখায় নগদ জমা প্রদান সাপেক্ষে ক্রয় করা যাবে।

০৪। পবিস নির্দেশিকা ১০০-৪১/৪২ অনুযায়ী প্রতিটি দরপত্র প্রাক্কলিত মূল্যের সর্বোচ্চ ৫% সর্বনিম্ন অথবা প্রাক্কলিত মূল্যের সমদরে দাখিল করা যাবে।

০৫। প্রতিটি দরপত্র দাখিলের সময়ে দলিলের সহিত উর্দ্ধৃত মূল্যের ৩% হারে বর্ণিত আর্নেষ্টমানি চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর অনুকূলে বাংলাদেশের যে কোন তফসিল ব্যাংক (বাপবিবো কর্তৃক কালো তালিকাভুক্ত ব্যাংক ব্যতীত) হতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে জমা দিতে হবে। কোন অবস্থাতেই প্রয়োজনীয় আর্নেষ্টমানি ছাড়া দরপত্র বৈধ বলে গ্রহনযোগ্য হবে না।

০৬। দরপত্র সমূহ আগামী ০৯-০৫-২০২৩ ইং তারিখ বেলা ১২-০০ ঘটিকা পর্যন্ত অত্র পবিসে রক্ষিত টেন্ডার বাক্সে গ্রহন করা হবে এবং একই দিন বেলা ১২ঃ৩০ ঘটিকার সময় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক অত্র দপ্তরে দরপত্র সমূহ খোলা হবে।

০৭। শুধুমাত্র অত্র সমিতিতে ২০২২-২৩ অর্থ-বৎসরে স্থায়ী/সাময়িক পূর্ব যোগ্যতা ও নবায়ন প্রাপ্ত মিনি ঠিকাদারগন দরপত্রে অংশগ্রহন করতে পারবেন।

০৮। উর্দ্ধৃত দর সরকারী বিধান মোতাবেক প্রদেয় ভ্যাটসহ উর্দ্ধৃত বলিয়া বিবেচিত হইবে। পৃথকভাবে ভ্যাট উল্লেখ করা হইলে কোন দরপত্র গ্রহন করা হবে না।

০৯। ''ডাকযোগে বা কুরিয়ার সার্ভিসের দরপত্র প্রেরণ করা যাইবে, তবে নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে দরপত্র সমূহ সমিতিতে জমা না হইলে দরপত্র গ্রহন যোগ্য হবে না।

১০। দরপত্র ক্রয়ের সময় হালনাগাদ ট্রেড লাইসেন্স, হালনাগাদ নবায়নকৃত এ,বি,সি ঠিকাদারী ও সুপারভাইজারী লাইসেন্সের সত্যায়িত (প্রকল্প বিভাগের কর্মকর্তা দ্বারা সত্যায়িত) কপি অথবা নবায়নের জন্য লাইসেন্সিং বোর্ডের নিকট জমা প্রদানের প্রমানপত্র প্রদর্শন পূর্বক দরপত্র ক্রয় করা যাবে।

১১। দরপত্রে প্রদত্ত রেট সিডিউল গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার অনুমোদিত ২০১৭ এর অভিন্ন রেট সিডিউল অনুযায়ী সন্নিবেশিত করা হয়েছে।

১২। দরদাতা প্রতিষ্ঠান সমূহ বিড প্যাকেজের প্রত্যেকটি দরপত্রে অংশ গ্রহন করিতে পারিবেন । কিন্তু কোন প্রতিষ্ঠানকে একাধিক কার্যাদেশ প্রদান করা হবে না।

১৩। প্রতিটি দরপত্রের বিপরীতে দক্ষ লোকবল, প্রয়োজনীয় টুলস/যন্ত্রপাতির তালিকা প্রদান করতে হবে। দরপত্রে অংশগ্রহনকারী প্রতিষ্ঠানের অবশ্যই পর্যাপ্ত সংখ্যক বাপবিবোর্ডের প্রশিক্ষন প্রাপ্ত সুপারভাইজার ও লাইনম্যান সহ প্রয়োজনীয় লোকবল থাকতে হবে।

১৪। সর্বনিম্ন দরদাতা প্রতিষ্ঠানের সংখ্যা একাধিক হলে অত্র পবিসের দরপত্র মূল্যায়ন কমিটি দরদাতা প্রতিষ্ঠানের প্রতিনিধিদের উপস্থিতিতে লটারী করে ১ম, ২য় ও ৩য় সর্বনিম্ন দরদাতা নির্ধারন করবেন। লটারীতে যিনি উর্ত্তীণ হবেন তাকে কার্যাদেশ প্রদান করা হবে। লটারীর মাধ্যমে কার্যাদেশ প্রাপ্ত ঠিকাদারী প্রতিষ্ঠানকে অবশ্যই লাইনটুলস্ এবং লাইনম্যান টুলস্ দেখাতে হবে এবং সর্বপ্রকার নিরাপত্তা বিধি মেনে কাজ বাস্তবায়ন করতে হবে।

১৫। যে সকল দরদাতা প্রতিষ্ঠান কার্যাদেশ প্রাপ্তির জন্য বিবেচিত হবেন তাদেরকে পর্যায়ক্রমে কার্যাদেশ ইস্যু করা হবে। এখানে উল্লেখ্য যে, ডিপোজিট কার্যাদেশের বিপরীতে কার্যাদেশপ্রাপ্ত ঠিকাদার প্রতিষ্ঠানকে সার্বক্ষনিক লোকবল প্রস্তুত রাখতে হবে। কোন ক্রমেই এর ব্যাতয় ঘটনো যাবে না।

১৬। কার্যাদেশ প্রাপ্ত ঠিকাদার প্রতিষ্ঠানকে ৩০০/- (তিনশত) টাকা মূল্য মানের নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে চুক্তিনামা করতে হবে।

১৭। কোন ঠিকাদারী প্রতিষ্ঠান ক্লোজ-আউট সমাপ্তির ৬০ (ষাট) দিনের মধ্যে বিল জমা প্রদান না করলে উক্ত প্রতিষ্ঠান পরবর্তী কার্যাদেশে অংশগ্রহণ করতে পারবে না।

১৮। যে সকল ঠিকাদারী প্রতিষ্ঠানের বর্তমানে কাজ চলমান আছে তাদের দরপত্র ক্রয় করার প্রয়োজন নাই। কিন্তু যাহারা চলমান কার্যাদেশের বিপরীতে ক্লোজ আউট সম্পন্ন করেছেন তাহারা দরপত্র ক্রয় করতে পারবেন। উল্লেখ্য যে, ঠিকাদারী প্রতিষ্ঠান কাজে কোন প্রতিনিধি নিয়োগ করলে তার সত্যায়তি ছবি ও ভোটার আইডি কার্ডের ফটোকপি সংযুক্ত করতে হবে। একই সময় একই ব্যক্তি একাধিক ঠিকাদারী প্রতিষ্ঠানের প্রতিনিধি হতে পারবে না।

১৯। কাজ বাস্তবায়নের লক্ষ্যে সাট-ডাউনের প্রয়োজন হলে যথাযথভাবে সাট-ডাউন ফরম পুরন করত অনুমোদন করাতে হবে। যে কোন অফিসের আওতায় যদি ট্রান্সফরমার বন্ধ করে কাজ করতে হয় অথবা সেকশন বন্ধ করতে হয় তাহলে ঐ সংশ্লিষ্ট অফিসের এজিএম (ওএন্ডএম) মহোদয় কর্তৃক সাট-ডাউন ফরম অনুমোদন করত সংশ্লিষ্ট অফিসের জুনিঃ ইঞ্জিঃ/সহঃ জুনিঃ ইঞ্জিঃ/অভিযোগ কেন্দ্রের ইনচার্যকে অবহিত করতে হবে এবং সাট-ডাউন নিশ্চিত পূর্বক ফাজিং টেষ্ট করে কাজে হাত দিতে হবে। যদি এর ব্যাতয় ঘটে তাহলে সংশ্লিষ্ট ঠিকাদরী প্রতিষ্ঠানের বিরুদ্ধে কঠোর প্রশাসনিক ব্যবস্থা গ্রহন করা হবে।

২০। সন্তোষজনক ভাবে কার্য সম্পাদনের পর প্রয়োজনীয় সকল দলিলাদি সহ বিল দাখিল করতে হবে এবং পবিস কর্তৃক প্রয়োজনীয় পরীক্ষা নিরীক্ষার পর একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে। তবে মূল বিল হতে নিরাপত্তা জামানত বাবদ ১০% টাকা কর্তন করা হবে। মাঠ পর্যায় হতে কার্যাদেশের বিপরীতে কোন প্রকার অভিযোগ না আসলে যথারীতি ক্লোজ আউট সম্পন্ন হওয়ার ছয় (০৬) মাস পর কর্তনকৃত ১০% নিরাপত্তা জামানত ফেরত যোগ্য হিসেবে বিবেচিত হবে।

২১। প্রত্যেকটি কার্যাদেশের জন্য পৃথক লোকবল ও টুলসের তালিকা জমা দিতে হবে।

২২। ডিজিএম (কারিগরী)/এজিএম (ইএন্ডসি) এর নির্দেশনা অনুযায়ী কাজ করতে হবে।

২৩। সমিতির প্রয়োজনে কাজের পরিমান কম বেশী হতে পারে।

২৪। কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র বা সম্পূর্ন দরপত্র গ্রহন অথবা বাতিল করার অধিকার নিম্নস্বাক্ষরকারী সংরক্ষন করেন।

26.04.23

( দেব কুমার মালো )
জেনারেল ম্যানেজার

অনুলিপি ঃ (সদয় অবগতির জন্য)

০১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কুমিল্লা জোন, বাপবিবো, কুমিল্লা।
০২। নির্বাহী প্রকৌশলী, (এসওডি), বাপবিবো, কুমিল্লা দক্ষিণ, কুমিল্লা।
০৩। ডিজিএম মতলব দঃ/মতলব উঃ/ ফরিদগঞ্জ/সদর-কারিগরী, চাঁদপুর পবিস-২।
০৪। এজিএম (অর্থ-হিসাব)/সদস্য সেবা/ওএন্ডএম/আইটি, চাঁদপুর পবিস-২।
০৫। সহঃ জুনিঃ ইঞ্জিঃ, আইটি, -চাঁদপুর পবিস-২।
০৬। ষ্টোর কীপার, চাঁদপুর পবিস-২।
০৭। মেসার্স ------------------------------------------------(অবগতি ও অংশ গ্রহনের অনুরোধ সহ)।
০৮। অফিস কপি / মাষ্টার কপি।

26.04.23

( দেব কুমার মালো )
জেনারেল ম্যানেজার